# তালা উপজেলা পরিষদের জুন/ ২০২২ মাসের মাসিক সভার কার্যবিবরণী

সভাপতি : ঘোষ সনৎ কুমার
চেয়ারম্যান, উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা
সভার তারিখ : ২৯/০৬/২০২২খ্রি:
সভার সময় : সকাল ১১.৩০ টা

সভার শুরুতে উপজেলা নির্বাহী অফিসার আজকের সভায় উপস্থিত সকল সদস্যকে শুভেচ্ছা জানান এবং উপজেলার সার্বিক উন্নয়নের জন্য সহযোগিতা কামনা করেন। অতঃপর মাসিক সভার সভাপতির অনুমতিক্রমে উপজেলা নির্বাহী অফিসার বিধি মোতাবেক সভার কাজ শুরু করেন।

**১। বিগত সভার কার্যবিবরণী পাঠ ও দৃঢ়ীকরণ :**
সভায় পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয়। কার্যবিবরণীতে কোন সংশোধন, সংযোজন ও বিয়োজন না থাকায় কার্যবিবরণী সর্বসম্মতক্রমে দৃঢ়ীকরণ করা হয় । অতঃপর বিভাগওয়ারী আলোচনা করা হয়:

**০২। বিভাগীয় আলোচনাঃ**
**(ক) উপজেলা প্রকৌশলীর কার্যালয়:**

(১) উপজেলা প্রকৌশলী সংশ্লিষ্ট সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, গ্রামীণ যোগাযোগ ব্যবস্থার Connectivity বৃদ্ধি একটি দক্ষ সড়ক উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। সড়ক এবং সড়ক অবকাঠামোর সুবিন্যাস্ত তথ্য সম্বলিত একটি নির্ভরযোগ্য রোড ইনভেন্টরী তৈরির জন্য সকল প্রকার সড়ক ইনভেন্টরীতে অন্তর্ভূক্তির বিকল্প নাই। কিন্তু অনেক গুরুত্বপূর্ণ গ্রাম সড়ক রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত না হওয়ার কারণে সে সকল সড়ক উন্নয়ন করা সম্ভব হচ্ছে না। ফলে **"আমার গ্রাম - আমার শহর"** শীর্ষক প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের পল্লী অবকাঠামো উন্নয়নের কাংখিত সুফল গ্রামীণ জনগণের নিকট পৌঁছানো কষ্টসাধ্য হয়ে পড়েছে। এজন্য তালা উপজেলার যে সকল গ্রাম সড়ক এলজিইডি'র রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করা হয়নি সেকল সড়ক আইডিভূক্ত করা খুবই জরুরী। উপজেলা প্রকৌশলীর কার্যালয় থেকে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/ইউপি সদস্যদের মাধ্যমে একটি তালিকা **(পরিশিষ্ট-ক)** প্রস্তুত করা হয়েছে। যাহা এলজিইডি'র রোড ইনভেন্টরীতে অন্তর্ভূক্ত করার জন্য অনুমোদন প্রয়োজন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে উপস্থিত সকলে একমত পোষণ করেন এবং সিদ্ধান্ত অনুযায়ী উল্লিখিত সড়কগুলো **এলজিইডি'র গেজেটে** অর্ন্তভূক্তির প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা প্রকৌশলী ও উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করা হয়।

(২) উপজেলা প্রকৌশলী সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, ২০২১-২০২২ অর্থ বছরের বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি)'র আওতায় গৃহীত প্রকল্পগুলোর মধ্যে পিআইসি'র কাজ ইতিমধ্যে শেষ হয়েছে। টেন্ডার প্রক্রিয়ার মাধ্যমে **১১**টি ইউনিয়নের গৃহীত প্রকল্পের কাজও শেষ হয়েছে এবং কুমিরা ইউনিয়নের টেণ্ডারের মাধ্যমে গৃহীত কাজ চলমান রয়েছে। **এডিপি'র গড় অগ্রগতি প্রায় ৯৫%।** এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং নির্ধারিত সময়ের মধ্যে ঠিকাদারদের ও পিআইসি'র কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(৩) উপজেলা পরিষদের রাজস্ব উদ্ধৃত্তের আওতায় প্রকল্প বাস্তবায়নের জন্য ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানসহ সংশ্লিষ্ট সকলের দাখিলকৃত প্রকল্প উপজেলা যাচাই-বাছাই কমিটির সুপারিশক্রমে সভায় উপস্থাপন করা হয়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে এপ্রিল/২০২২ মাসিক সভার সিদ্ধান্ত (পরিশিষ্ট-ক) এবং সংশোধিত তালিকা (**পরিশিষ্ট-খ**) তে উল্লেখিত প্রকল্পগুলোর প্রাক্কলন এবং পিআইসি কমিটি অনুমোদনের জন্য সভায় সকলে একমত পোষন করেন এবং এলজিইডি'র রেট সিডিউল অনুসরণ করে অবশিষ্ট স্কীমগুলো প্যাকেজ অনুযায়ী দ্রুত সীমিত দরপত্র (LTM/RFQ) পদ্ধতিতে প্রকল্পের কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয় এবং বহুল প্রচারের জন্য সীমিত পরিসরে **০৩টি** পত্রিকায় প্রকাশের সিদ্ধান্ত গৃহীত হয়।

(৪) উপজেলা প্রকৌশলী জানান যে, স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ১৮৭, তারিখঃ ১৬/০৩/২০২২খ্রিঃ এবং স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ২৪৪, তারিখঃ ২৫/০৪/২০২২খ্রিঃ অত্র উপজেলায় চারটি ইউনিয়ন পরিষদের (ধানদিয়া, খেশরা, জালালপুর ও খলিলনগর) মেরামতের জন্য প্রতিটির জন্য দশ লক্ষ টাকা করে মোট ***চল্লিশ লক্ষ টাকা*** বরাদ্দ পাওয়া যায়। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে দ্রুত ই-জিপি তে গঠিত উপজেলা পরিষদের টেন্ডার কমিটির মাধ্যমে টেন্ডার প্রক্রিয়া (LTM) সম্পন্ন করে নির্বাচিত ঠিকাদারের মাধ্যমে জুন/২০২২ এর মধ্যে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(৫) উপজেলা প্রকৌশলী জানান যে, সাতক্ষীরা জেলার তালা উপজেলা পরিষদের মেইন গেইট নির্মাণের জন্য টেন্ডার প্রক্রিয়ার শেষে নির্বাচিত ঠিকাদারকে কার্যাদেশ প্রদান করা হয় এবং দ্রুত কাজ শুরু করার জন্য ঠিকাদারকে নির্দেশনা প্রদান করা হয়। উপজেলা পরিষদের সামনের অংশে সীমানা প্রাচীর নির্মাণের জন্য ঠিকাদার কাজ শুরু করেছেন। দুই পার্শ্ব ও পিছনের অংশ অনুমোদনের জন্য প্রয়োজনীয় কাগজপত্র প্রেরণ করা হলেও এখনও অনুমোদন পাওয়া যায়নি। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে অবশিষ্ট সীমাণা প্রাচীর দ্রুত অনুমোদনের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে প্রয়োজনীয় ব্যবস্থা নিতে অনুরোধ করা হয়।

(৬) ২০২১-২০২২ অর্থ বছরে উন্নয়ন সংশোধিত বাজেটে " ইউনিয়ন পরিষদ উন্নয়ন সহায়তা" খাতের আওতায় ইউনিয়নের অনগ্রসরতা প্রাকৃতিক দূর্যোগ এবং কোভিড-১৯ মোকাবেলায় মাননীয় মন্ত্রীর অভিপ্রায় অনুযায়ী স্থানীয় সরকার বিভাগ, ইউপি-২ শাখা, স্মারক নং- ৩০০ তারিখঃ ০১/০৬/২০২২খ্রিঃ মোতাবেক পঁচিশ লক্ষ টাকা বরাদ্দ পাওয়া যায়। এ বিষয়ে মাননীয় সংসদ সদস্য মহোদয় পত্র সংখ্যা-০৭৮ তারিখঃ ০৪/০৬/২০২২খ্রিঃ একটি অনানুষ্ঠানিক পত্রের মাধ্যমে প্রকল্প তালিকা প্রদান করেন। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয়। বিস্তারিত আলোচনান্তে পত্রের আলোকে প্রকল্পগুলো বাস্তবায়নের জন্য **৩০% পিআইসি এবং অবশিষ্ট ৭০% কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতিতে** টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(৭) স্থানীয় সরকার বিভাগের স্মারক নং- ৪৬.৬৮.০০১০.০০০.০০.০২২.২১.১০৪৭ তারিখ ০৩/১২/২০২০ খ্রিঃ মূলে গ্রামীণ সড়ক টেকসই ও রক্ষণাবেক্ষণের জন্য সড়কে পাশ হতে কমপক্ষে ১০ ফুট দুরত্বে এবং ৪৫ ডিগ্রি স্লোপ (ঢাল) রেখে পুকুর/জলাশয় খনন করতে হবে মর্মে পরিপত্র জারি করা হয়েছে। গ্রামীণ সড়কের পাশে প্রচলিত আইন/বিধি বিষয়ের ব্যত্যয় ঘটিয়ে কোনো পুকুর, কূপ বা সেচ নালা খনন করা হলে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা রয়েছে। তাছাড়া কখনও কখনও ঘের মালিকগণও পাকা রাস্তা মৎস্য ঘেরের বেড়ী হিসেবে ব্যবহার করলেও তারা কখনো রাস্তার স্লোপে মাটি কেটে মেরামত করেন না। অধিকন্তু নিয়মবহির্ভূতভাবে গ্রামীণ রাস্তার ধারণ ক্ষমতার অতিরিক্ত বালি ভর্তি ট্রাক বা ট্রলি পাকা রাস্তাসহ কাচা রাস্তার ক্ষতি সাধন করছে। যা বন্ধ করা জরুরি।

সভায় বিস্তারিত আলোচনান্তে গ্রামীণ সড়ক সংরক্ষণের জন্য সকল ইউনিয়নের চেয়ারম্যানগণকে এ বিষয়ে মাইকিং করার জন্য অনুরোধ করা হলো এবং প্রয়োজন সাপেক্ষ্যে পরবর্তীতে মোবাইল কোর্টের মাধ্যমে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের সিদ্ধান্ত সর্বসম্মতিক্রমে গৃহীত হয়।

(৮) উপজেলা প্রকৌশলী জানান যে, সাতক্ষীরা জেলার তালা উপজেলায় মানিকহার, শাহাপুর আদর্শ ও বলরামপুর পশ্চিম এই **তিনটি** সরকারি প্রাথমিক বিদ্যালয়ের অনুমোদন পাওয়া গেছে যার টেন্ডার প্রক্রিয়া চলমান রয়েছে। দরপত্র প্রক্রিয়া শেষ হলে ঠিকাদার নির্বাচনের মাধ্যমে কাজ বাস্তবায়নের পদক্ষেপ গ্রহণ করা হবে।

**(৯)** উপজেলা নির্বাহী অফিসার সকলের দৃষ্টি আকর্ষণপূর্বক জানান যে, অত্র পরিষদে মাসিক সমন্বয় সভাসহ অন্যান্য দপ্তর ও সংস্থার নিয়মিত সভা পরিচলনার জন্য উপজেলা পরিষদের আনসার ভবনের দ্বিতীয় তলায় অস্থায়ীভাবে টিনশেড নির্মিত সেমিনার কক্ষ নির্মাণ করা জরুরি প্রয়োজন, যেখানে বিভিন্ন সময়ে প্রশিক্ষণ সহ অন্যান্য সভা অনুষ্ঠিত হবে। এ বিষয়ে সভায় বিস্তারিত আলোচনা করা হয় এবং আলোচনান্তে উপস্থিত সকলে একমত পোষণ করেন। সভার সিদ্ধান্ত অনুযায়ী কাজ বাস্তবায়নের জন্য **উপজেলা পরিষদের রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর ৩ (ক)** অনুযায়ী পাঁচ লক্ষ টাকা বরাদ্দ প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয় এবং দ্রুত কাজ বাস্তবায়নের স্বার্থে **কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন** পদ্ধতিতে টেন্ডার প্রক্রিয়া সম্পন্ন করে কাজ বাস্তবায়নের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(খ) উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার দপ্তর :

আলোচনা : উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জানান যে, সাধারণ কাবিটা/ কাবিখা ১ম পর্যায়ের কাজ ইতোমধ্যে শেষ হয়েছে। সাধারণ কাবিটা ২য় পর্যায়ের কাজ সমাপ্ত প্রায়। বিশেষ কাবিটা/ কাবিখা ১ম পর্যায়ের কাজ শেষ হয়েছে।সাধারণ টিআর ১ম, ২য় ও ৩য় পর্যায়ের কাজ শেষ হয়েছে। ৩য় পর্যায়ের ২য় ধাপের ভূমিহীন ও গৃহহীনদের পুর্নবাসনের জন্য আশ্রয়ণ-২ প্রকল্পের অধীন ১০০টি গৃহ নির্মাণের কাজ আগামী ১৫ জুলাইয়ের মধ্যে শেষ হবে। অস্বচ্ছল বীর মুক্তিযোদ্ধাদের বীরনিবাস প্রকল্পের কাজ চলমান রয়েছে। অতি দুতই কাজগুলি শেষ হবে বলে তিনি সভাকে জানান। এ ছাড়া অফিসের কার্যক্রম বিধি মোতাবেক সুষ্ঠুভাবে চলছে।

(গ) উপজেলা শিক্ষা অফিস :

আলোচনা : উপজেলা শিক্ষা কর্মকর্তা বলেন, শিক্ষা প্রতিষ্ঠান অবকাঠামো উন্নয়ন কাজ চলমান। প্রতিটি কাজ উপজেলা প্রকোশলী কর্তৃক পরিদর্শন অন্তে বিল প্রদান করা হচ্ছে। তা ছাড়া তালা উপজেলায় বঙ্গবন্ধু গোল্ডকাপ এবং বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেসা গোল্ডকাপ ফুটবল প্রতিযোগিতার সুন্দরভাবে অনুষ্ঠিত হয়েছে। এ ছাড়া অফিসের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।

(ঘ) উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস :

আলোচনা : সভায় উপস্থিত উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার বলেন যে, করোনা ভাইরাস উর্ধ্বগতির কারণে সকল শিক্ষা প্রতিষ্ঠানে কঠোর বিধি নিষেধ মেনে পাঠদানের জন্য সকলকে অবহিতকরণসহ মনিটরিং করার প্রয়োজনীয় ব্যবস্থা করা হয়েছে। এ ছাড়া স্কুল কলেজ ও মাদ্রাসার এনটিআরসিএর মাধ্যমে শূন্য পদের তথ্য আগামী ৩১ জুলাই/২০২২ তারিখের মধ্যে অনলাইনের প্রদানের জন্য নির্দেশনা দেয়া হয়েছে। এ দপ্তরের অন্যান্য কাজ স্বাভাবিকভাবে চলছে।

(ঙ) উপজেলা মহিলা বিষয়ক দপ্তর:

আলোচনা : উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা বলেন যে, ভিজিডি মে/২০২২ মাসের চাল বিতরণ করা হয়েছে। প্রশিক্ষণ কার্যক্রম চলমান। ১২টি ইউনিয়নের মাতৃত্বকালীন ভাতাভোগীদের ভাতা যথানিয়মে পরিশোধ করা হয়েছে। জুন-২০২২ মাসে ১৩টি বাল্যবিবাহ প্রতিরোধ করা হয়েছে। প্রশিক্ষণ কেন্দ্রটি দ্রুত মেরামতের ব্যবস্থা নেয়ার জন্য অনুরোধ জানানো হলো। অফিসের অন্যান্য কার্যক্রম যথাযথভাবে চলছে।

(চ) উপজেলা যুব উন্নয়ন বিভাগ :

আলোচনা : উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা তার দপ্তরের ২০২১-২০২২ অর্থবছরে কার্যক্রম নিম্নরূপ বলে সভাকে জানান।

| ক্রঃ | বিবরণ | | টাকা /পরিমান | মন্তব্য |
|---|---|---|---|---|
| ০১. | মোট ঋণ তহবিল | | ২৫,৩৮,৮০০/- | |
| ০২. | ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ | | ৪৭৪৪৪০০০/- | |
| ০৩. | চলতি অর্থ বছরে ঋণ বিতরণ | | ৪৫৬০০০০/- | |
| ০৪. | চলতি মাসে আদায়যোগ্য টাকার পরিমাণ | | ৩০৮৩০০/- | |
| ০৫. | চলতি মাসে আদায়কৃত টাকার পরিমাণ | | ২৬৯২০০/- | |
| ০৬. | চলতি মাসে আদায়ের হার | | ৮৭.৩২% | |
| ০৭. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়যোগ্য | | ৪১৩৪২৪০০/- | |
| ০৮. | চলতি মাসে ক্রমপুঞ্জিত আদায়কৃত | | ৩৯৭৬৭৬২৯/- | |
| ০৯. | ক্রমপুঞ্জিত আদায়ের হার | | ৯৬.১৯% | |
| ১০. | চলতি মাস পর্যন্ত মেয়াদ উত্তীর্ন খেলাপী টাকার পরিমাণ | | ৮১৩৫৭১/- | |
| ১১. | চলতি মাস পর্যন্ত কিস্তি খেলাপী টাকার পরিমাণ | | ৭৬১২০০/- | |
| ১২. | ২০২১-২২ অর্থ বছরের প্রশিক্ষণ (জোরদার করন) | | ০০ জন | |
| ১৩. | ২০২১-২২ অর্থ বছরের প্রশিক্ষণ (রাজস্ব) | | ৪২০জন | |
| ১৪. | ক্রমপুঞ্জিত প্রশিক্ষণ দেয়া হয়েছে ( জোরদার-১৯৭২+রাজস্ব৭১১৭) | | ৯০৮৯ জন | |
| ১৫. | চলতি অর্থ বছরে আত্মকর্মী | | ৮৪জন | |
| ১৬. | ক্রমপুঞ্জিত আত্মকর্মী করা হয়েছে | | ৩৭২২জন | |
| ১৭. | ঋণী সংখ্যা | রাজস্ব= | ১৯৩০জন | |
| | | জোরদার করন প্রকল্পে= | ০৮ জন | |
| | | পরিবার= | ২৮০ জন | |

উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, ২০২১-২০২২ অর্থবছরে রাজস্ব খাতে ১৪ টি ব্যাচে প্রশিক্ষণ প্রদানের নির্দেশনা ছিল। ইতোমধ্যে ১৪টি ব্যাচে (৩০x১৪)=৪২০ জনকে প্রশিক্ষণ দেয়া হয়েছে। ক্রমপুঞ্জিত প্রশিক্ষনার্থীর সংখ্যা (উন্নয়ন ১৯৭২+রাজস্ব ৭১১৭)=৯০৮৯ জন। চলতি অর্থবছরে আত্মকর্মী করা হয়েছে রাজস্ব-৮৪ জন, ক্রমপুঞ্জিত আত্মকমীর সংখ্যা (উঃ ০+রাঃ ৩৭২২)=৩৭২২জন। চলতি মাস পর্যন্ত যুবঋণ বিতরণ করা হয়েছে ৯৪ জন যুব এর মধ্যে (রাজস্ব) ৪৫৬০০০০/-টাকা। ৫০ জন যুব এর মধ্যে ঋণ ৬০০০০০/- টাকা ক্রমপঞ্জিত ঋণ বিতরণের পরিমান ৪৭৪৪৪০০০/-টাকা। মেয়াদ উত্তীর্ণ ঋণ খেলাপীর পরিমাণ ৮১৩৫৭১/-টাকা। কিস্তি খেলাপী টাকার পরিমাণ ৭৬১২০০/-টাকা।চলতি মাসে ঋণ আদায়ের হার ৮৭.৩২% এবং ক্রমপুঞ্জিত আদায়ের হার-৯৬.১৯%। করোনা ভাইরাস (কোভিড-১৯)এর কারণে সকল প্রকার ঋণ আদায় বন্দ থাকার কারনে কিস্তি খেলাপী ও মেয়াদীত্তোর্ণ খেলাপীর পরিমান বেড়েছে ফলে আদায়ের হার কম হয়েছে। চলতি মাসে ০৩(তিন) মাসের আবাসিক প্রশিক্ষনের জন্য ১১ (এগার) জন যুবককে মাতক্ষীরা যুব প্রশিক্ষণ কেন্দ্রে পাঠানো হয়েছে। এ ছাড়া তার কার্যালয়ের সকল কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে মর্মে জানান।

(ছ) উপজেলা  পরিবার পরিকল্পনা  বিভাগ : উপজেলা পরিবার পরিকল্পনা কর্মকর্তা, তালা সভায় জানান যে, তার দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে। তিনি আরও জানান যে, মে/২০২২ মাসে ১২ জন মহিলাকে স্থায়ী পদ্ধতি গ্রহণেরর সেবা প্রদান করা হয়েছে । এছাড়া ১০ বছর মেয়াদী আইইউডি-৩৯জন, ৩ বছর মেয়াদী ইমপ্লান্ট ৫১ জনকে প্রদান করা হয়েছে। উপজেলার সিএআর-৭৯.৬০%।  মা ও শিশু স্বাস্থ্য সেবার এএনসি - ৮০৫ জন, পিএনসি-১৮৫ জন, ডেলিভারী-১৯ জন, শিশু-১৪৯৩ জন এবং সাধারণ রোগী ৪৭৯৬ জনকে সেবা দেয়া হয়েছে।

সিদ্ধান্ত : উপজেলা পরিবার পরিকল্পনা অফিসের কার্যক্রমের ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, তালা-কে অনুরোধ করা হয়।

(জ) কৃষি বিভাগ :
আলোচনা : সভায় উপজেলা কৃষি অফিসার, তালা জানান যে, কৃষকদের উদ্বুদ্ধ করতে ইতোমধ্যে কৃষকদের মাঝে প্রণোদনা প্রদান করা হয়েছে। এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কাজ ভালভাবে চলছে।

(ঝ) মৎস্য বিভাগ :
আলোচনা : সভায় সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা তালা জানান যে, তাঁর দপ্তর হতে এ উপজেলার ৩টি খালের মধ্যে বেগুনদাড়া খাল ও কোবরাখালী খাল ইতোমধ্যে খনন করা হয়েছে এবং গোপালপুর কালের খনন কাজ প্রায় শেষের পথে রয়েছে। উক্ত খননকাজে তিনি সংশ্লিষ্ট  ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহায়তা কামনা করেন। এ ছাড়া তার দপ্তরের কাজ সুষ্ঠুভাবে চলছে।

(ঞ) সমাজসেবা বিভাগ :
আলোচনা : সভায় উপজেলা সমাজসেবা কর্মকর্তা জানান যে, বিভিন্ন প্রকার ভাতাভোগীদের সেবা যথাযথভাবে প্রদান করা হচ্ছে। এ ছাড়া অফিসের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

(ট) পল্লী সঞ্চয় ব্যাংক :

আলোচনা : সভায় ম্যানেজার, পল্লী সঞ্চয় ব্যাংক, তালা জানান যে, তার দপ্তরের কার্যক্রম নিম্নরূপ :
১। মোট সমিতির সংখ্যা= ৩০৫ টি
২। মোট সদস্য সংখ্যা= ১৪,১২৫ জন
৩। সদস্যের নিজস্ব সঞ্চয় জমার পরিমাণ= ১৩,১২,০১,৭২০/-(কথায়ঃ তেরো কোটি বারো লক্ষ এক হাজার সাতশত বিশ টাকা মাত্র)।
৪। সরকারি কল্যাণ অনুদান এর পরিমাণ= ৬,৩৫,৪২,৪৩১/- (কথায়ঃ ছয়কোটি পঁয়ত্রিশ লক্ষ বিয়াল্লিশ হাজার চারশত একত্রিশ টাকা)
৫। ঘূর্ণায়মান ঋণ তহবিলের পরিমাণ= ৭,৯৯,৪১,৯৮৬/- (কথায়ঃ সাত কোটি নিরানব্বই লক্ষ একচল্লিশ হাজার নয়শত ছিয়াশি টাকা)।
৬। অত্র শাখায় ঋণ বিতরনের পরিমাণ= ২৯,২৮,৫১,৭২৭/ (কথায়ঃ উনত্রিশ কোটি আটাশ লক্ষ একান্ন হাজার সাতশত সাতাশ টাকা)।
৭। অত্র শাখায় ঋণ আদায়ের পরিমাণ = ২৩,৬৩,৪১,৫২৭/- (কথায়ঃ তেইশ কোটি তেষট্টি লক্ষ একচল্লিশ হাজার পাঁচশত সাতাশ টাকা মাত্র)।

| ক্র নং | ট্রেডের নাম | ঋণ গ্রহন কারীর সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|
| ১ | গবাদি পশুপালন | ৫০৫০ জন | |
| ২ | মৎস্য চাষ | ২৫১০ জন | |
| ৩ | হাঁস-মুরগিপালন | ৫২০ জন | |
| ৪ | পান চাষ | ১৪৮ জন | |
| ৫ | ধান চাষ | ৩০২ জন | |
| ৬ | অন্যান্য | ১০২৪ জন | |
| মোট- | | ৯৫৫৪ জন | |

তার দপ্তরের খেলাপী ঋণ হ্রাসের জন্য সকল ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের সহায়তা প্রয়োজন। ঋণ আদায় সন্তোষজনক। এ ছাড়া তার দপ্তরের অন্যান্য কাজ সুষ্ঠুভাবে চলছে।

(ঠ) খাদ্য বিভাগ :

আলোচনা : সভায় উপজেলা খাদ্য নিয়ন্ত্রক বলেন যে, সরকার সারাদেশে ধান ক্রয় করছে। তিনি আগ্রহী ধানচাষীদের সরকারের নিকট ধান বিক্রির জন্য সভার মাধ্যমে পুণরায় অনুরোধ করেন। এ বিষয়ে ধান ক্রয়ের লক্ষ্যমাত্রা অর্জনে তিনি জনপ্রতিনিদের প্রয়োজনীয় সহযোগিতা কামনা করেন। এ ছাড়া তার বর্তমান অস্থায়ী অফিসের ছাদে ফাটল ধরেছে, ছাদের পানি নিষ্কাশন হওয়ার জন্য কোন ব্যবস্থা নেই এবং অফিসের পানির লাইন মেরামত করা জরুরী। তিনি উক্ত সমস্যাগুলি দুত সমাধানের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভার দৃষ্টি আকর্ষণ করেন।বিষয়ে সভায় আলোচনান্তে সমাধানের জন্য উপজেলা প্রকৌশলীকে অনুরোধ করা হয়।

(ড) স্বাস্থ্য বিভাগ :

সভায় উপজেলা স্বাস্থ্য ও পরিবার পরিকল্পনা কর্মকর্তা বলেন যে, দেশব্যাপী করোনার বুষ্টার ডোজ প্রদান করা হচ্ছে। তিনি এ বুষ্টার ডোজ গ্রহণের জন্যে এ সভার মাধ্যমে জনসাধারণকে অনুরোধ করেন। এ ছাড়া স্বাস্থ্য বিভাগের অন্যান্য কার্যক্রম ভালভাকে চলছে বলে তিনি সভাকে জানান।

(ঢ) পরিসংখ্যান বিভাগ :

আলোচনা : উপজেলা পরিসংখ্যান অফিসের পরিসংখ্যান সমন্বয়কারী জানান যে, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো কর্তৃক বাস্তবায়নাধীন 'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্পের আওতায় মূল শুমারির প্রস্তুতিমূলক কার্যক্রমের অংশ হিসেবে ইতোমধ্যে ৩য় জোনাল অপারেশনের কার্যক্রম শেষ হয়েছে। মূল শুমারি অনুষ্ঠিত হয়েছে গত ১৫.০৬.২০২২খ্রিঃ তারিখ হতে ২১.০৬.২০২২খ্রিঃ তারিখ পার্যন্ত মোট ০৭(সাত)দিন।'জনশুমারি ও গৃহগণনা ২০২১' প্রকল্পে তালা উপজেলার ১২ টি ইউনিয়ন ৬টি জোনে ভাগ করে ১জন উপজেলা শুমারি সমন্বয়কারী ও ৬জন জোনাল অফিসার নিয়োগ দেওয়া হয়। ৬জন জোনাল অফিসারের অধীনে ১১৪ জন সুপারভাইজার ও ৬৮৪ জন গণনাকারী মাঠ পর্যায়ে উক্ত সময়ে 'জনশুমারি ও গৃহগণনা ২০২১'এর তথ্য সংগ্রহের কাজ করেছেন। তিনি উক্ত বিষয়ে সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

(ণ) বিআরডিবি বিভাগ :

আলোচনা : উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা বলেন যে, বিআরডিবি তালা উপজেলা গ্রামীণ আর্থ সামাজিক উন্নয়নে কৃষক, বিত্তহীন পুরুষ ও মহিলাদের সুসংগঠিত করে সমিতি ও দলের সদস্যদের কৃষি উৎপাদন ও অন্যান্য আয় বৃদ্ধি মূলক কর্মকান্ডে ঋণ সহায়তা প্রদান করাসহ ক্ষুদ্র ক্ষুদ্র শেয়ার ও সঞ্চয় জমার মাধ্যমে পুজিঁ গঠনে সহায়তা করে যাচ্ছে। বিআরডিবি ১৯৮২ সাল হতে শুরু করে মে/২২ পর্যন্ত নিম্নরুপ অগ্রগতি অর্জন করতে সক্ষম হয়েছে। মাসের নাম ঃ জুন/২০২২(লক্ষ টাকায়)

| ক্রঃ | প্রকল্প/কর্মসূচির নাম | সমিতি/দল | সদস্য সংখ্যা | মূলধন গঠন | ঋণ বিতরণ | আদায় | খেলাপী | আদায়ের হার | প্রশিক্ষণ প্রদান |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| ০১. | কৃষক সমবায় সমিতি | ১০০টি | ২৫২৩ জন | ১৭৩.৫৫ | ৫৬৭০.৭২ | ৫০৮১.৭৭ | ২৭.৩৬ | ৯৯% | ২১৭৪জন |
| ০২. | মহিলা সমবায় সমিতি | ৪৭টি | ১৯৭৮জন | ১০৯.৮১ | ৩৭৩৬.৫৯ | ৩৩৯৪.০৫ | ৯.৩০ | ৯৯% | ১৫৩৭জন |
| ০৩. | সদাবিক কর্মসূচি | ৬২টি | ২০৮১জন | ৩৩.৬০ | ১৫২২.৩২ | ১৩৯৭.৪১ | ১৩.০৬ | ৯৯% | ৭৫০জন |
| ০৪. | পল্লী প্রগতি কর্মসূচি | ২১টি | ৫১৬জন | ১০.৭৫ | ৫১৮.০০ | ৪৬১.১০ | ৩.৮৬ | ৯৯% | ১১০জন |
| ০৫. | অস্বচ্ছল মুক্তিযোদ্ধা | -- | ৬৫জন | -- | ২৩.২৬ | ২২.৭৩ | ০.০৩ | ৯৯% | -- |
| ০৬. | অপ্রধান শস্য কর্মসূচি | ২৫টি | ৪৫৫জন | ৯.৫৬ | ৬৪.৫০ | ৩২.২৯ | -- | ১০০% | ২৪০জন |
| | মোট= | ২৫৫টি | ৭৮৭৪ জন | ৩৩৭.২৭ | ১১৫৩৫.৩৯ | ১০৩৮৯.৩৫ | ৫৩.৯৭ | ৯৯% | ৪৮১১জন |

| ক্রঃ | কর্মসূচির নাম | স্কীম বাস্তবায়নের লক্ষ্যমাত্রা | স্কীম বাস্তবায়ন | স্কীম বাস্তবায়নের হার | প্রশিক্ষণ প্রদান |
|---|---|---|---|---|---|
| ০১ | অংশীদারিত্ব মূলক পল্লী উন্নয়ন প্রকল্প | ৮০ টি | ৭৮ টি | ৯৭% | ১৪৪০ জন |

সিদ্ধান্ত : বিষয়ে সভায় আলোচনা হয় এবং কাজের এ ধারা অব্যাহত রাখার জন্য উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তাকে অনুরোধ করা হয়।

(ত) উপজেলা প্রাণিসম্পদ বিভাগ :

বিষয় : সভায় উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা বলেন যে, আসন্ন ঈদ-উল-আযহা উপলক্ষে তালা উপজেলার সব কয়টি কোরবানির পশুর হাটে উপজেলা প্রাণিসম্পদ দপ্তর ও ভেটেরিনারি হাসপাতালের পক্ষ হতে ভেটেরিনারি মেডিকেল টিম কাজ করবে৷ গবাদি পশুর স্বাস্থ্য পরীক্ষা, গর্ভ পরীক্ষা এবং হাট মনিটারিং এ উক্ত টিম প্রত্যেকটা হাটে কাজ করবে৷ সংশ্লিষ্ট সকল বিভাগকে উক্ত টিমকে সহায়তা করার জন্য অনুরোধ করা হয়৷ অত্র দপ্তরের অন্যান্য সকল কার্যক্রম নিয়মিতভাবে চলমান রয়েছে৷

০৩। ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানবৃন্দের বক্তব্য :

(ক) চেয়ারম্যান, খলিলনগর ইউনিয়ন পরিষদ সভায় জানান যে, তার এলাকায় বেশ কয়েকটি প্রকল্পের কাজ অসমাপ্ত রয়েছে। যেমন: (১) মহান্দী-কাশিমনগর রাস্তার কাজ (২) রাজস্ব টেন্ডার পাইলিং প্রকল্প (৩) পানির ট্যাংকী সরবরাহ করা (৪) পাশাপাশি কমিউনিটি ক্লিনিকে ঔষধ সরবরাহ কমে যাওয়ার কারণে জনগণ কাঙ্খিত সেবা থেকে বঞ্চিত হচ্ছেন (৫) তালা বিদে সরকারি স্কুলের অব্যবস্থাপনা দূরীকরণ সংক্রান্ত সমস্যাগুলি সম্পর্কে তিনি সভায় বিস্তারিত আলোকপাত করেন এবং (৬) এ ছাড়া সারের ডিলারের পদ শূন্য রয়েছে। এ বিষয়াবলী নিয়ে সভায় আলোচনা করা হয় এবং প্রতিটি বিষয়ে যথাযথ সমাধান করা হবে মর্মে সভার পক্ষ থেকে চেয়ারম্যানকে আশ্বস্ত করা হয়।

(খ) চেয়ারম্যান, জালালপুর ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তার ইউনিয়নে সরকারি নির্দেশনা মোতাবেক বঙ্গবন্ধু ম্যুরাল নির্মাণ করা হয়েছে। কিন্তু এখনো পর্যন্ত বিল পাওয়া যায়নি। বিষয়টি বিশেষভাবে বিবেচনা করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন।

(গ) চেয়ারম্যান, খলিষখালী ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, এলাকার কিছু অসাধু ব্যক্তি খালে নেট পাটা দিয়ে মৎস্য চাষ করছে। ফলে খালের পানি প্রবাহ বাধাগ্রস্থ হচ্ছে। তিনি বিষয়টি বিশেষভাবে বিবেচনা করার জন্য সভাকে অনুরোধ করেন।

(ঘ) চেয়ারম্যান, তেতুঁলিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তাঁর ইউনিয়নের একটি রাস্তা ১৯৯৬ সালে এস্টিমেট করা হয়েছে। কিন্তু এখনো কাজ শুরু হয়নি। তা ছাড়া শিরাশুনী এলাকায় একটি কালভার্ট করতে হবে। তিনি এ বিষয়ে উপজেলা প্রকৌশলীর সহায়তা কামনা করেন।

(ঙ) চেয়ারম্যান, সরুলিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, পাটকেলঘাটা বাজারটি উন্নয়নের জন্য তিনি প্রতি সভায় প্রস্তাব করেন। বিষয়টি গুরুত্বের সাথে বিবেচনা করার জন্য তিনি সভাকে অনুরোধ করেন।

(চ) চেয়ারম্যান, ধানদিয়া ইউনিয়ন পরিষদ সভায় বলেন যে, তাঁর ইউনিয়নেও অনেকগুলি রাস্তা এস্টিমেট করা হয়েছে। কিন্তু দীর্ঘদনি অতিবাহিত হলেও কাজ শুরু হচ্ছেনা। বিষয়টি বিবেচনা জন্য তিনি সভাকে অনুরোধ করেন।

০৪। সভায় উপস্থিত জেলা পরিষদের সদস্য জনাব মীর জাকির বলেন, তালাকে পৌরসভা করার প্রস্তাব প্রেরণ করা হয়েছে অনেকদিন হলো। কিন্তু উক্ত কাজের কোন অগ্রগতি নেই। বিষয়টি গুরুত্বের সাথে দেখার জন্য তিনি সভাকে পরামর্শ প্রদান করেন। সাথে সাথে উপজেলা মডেল মসজিদ নির্মাণ কাজ দ্রুত শুরু করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য উপজেলা নির্বাহী অফিসারকে অনুরোধ করেন।

০৫। বিষয় : ২০২২-২৩ অর্থবছরের বার্ষিক বাজেট অনুমোদন

আলোচনা : সভায় উপজেলা চেয়ারম্যান বলেন, গঠিত কমিটি কর্তৃক পরিষদের ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক বাজেট প্রস্তুত করা হয়েছে। তিনি সভায় উপস্থিত সকলের অবগতির জন্য বার্ষিক বাজেট উপস্থাপন করেন। বিষয়ে আলোচনান্তে সকলের ঐক্যমতের ভিত্তিতে তালা উপজেলার ২০২২-২০২৩ অর্থবছরের বার্ষিক বাজেট অনুমোদনের জন্য সর্বসম্মত সিদ্ধান্ত গৃহীত হয়।

বাস্তবায়ন : উপজেলা নির্বাহী অফিসার ও উপজেলা প্রকৌশলী, তালা।

০৬। উপজেলা নির্বাহী অফিসার সভাকে অবহিত করেন যে, মাননীয় প্রধানমন্ত্রীর কার্যালয় হতে বাস্তবায়িত নৃ-গোষ্ঠীর জন্য বরাদ্দকৃত ৫টি ঘর বরাদ্দ পাওয়া যায়। উক্ত ঘরগুলি নির্মাণের জন্য প্রধানমন্ত্রীর কার্যালয় হতে গঠিত কমিটির মাধ্যমে সকল প্রক্রিয়া সম্পন্ন করে ঘরের নির্মাণকাজ সম্পন্ন হয়েছে। ইতোমধ্যে উপকারভোগীদের অনুকূলে যথাযথভাবে ঘরের চাবি হস্তান্তর করা হয়েছে । মাননীয় প্রধানমন্ত্রীর অগ্রাধিকার প্রকল্প আশ্রয়ণ প্রকল্পের ৩য় পর্যায়ের ২য় ধাপের জন্য বরাদ্দকৃত ১০০টি ঘরের কাজ অত্যন্ত স্বচ্ছতার সাথে বাস্তবায়িত হয়েছে। পাশাপাশি এখন পর্যন্ত এ উপজেলায় ২১০টি আশ্রয়ণ-২ প্রকল্পের ঘর নির্মাণ কাজ শেষে উপকারভোগীদের নিকট হস্তান্তর করা হয়েছে। যাচাই-বাছাইকৃত ‘ক’ শ্রেণির সংখ্যা অনুযায়ী বর্তমান চলমান ১০০টি ঘরের কাজ সম্পন্ন হলে এ উপজেলায় আর কোন ‘ক’ শ্রেণির (ভুমিহীন ও গৃহহীন) পরিবার অবশিষ্ট থাকবে না। সে কারণে তালা উপজেলাকে ভূমিহীন ও গৃহহীন উপজেলা হিসেবে ঘোষণা করার প্রস্তাব ইতোমধ্যে জেলা প্রশাসক, সাতক্ষীরা বরাবর প্রেরণ করা হয়েছে।

**০৭।** জনাব ঘোষ সনৎ কুমার, উপজেলা মাসিক সভার সম্মানিত সভাপতি ও উপজেলা পরিষদ চেয়ারম্যান, তালা তার সমাপনী বক্তব্যে বলেন যে, যে সকল কাজের সাথে একাধিক দপ্তর সংশ্লিষ্ট, যে সকল দপ্তর একত্রে বসে সেগুলো সমাধানের জন্য উদ্যোগ গ্রহণ করতে হবে। পরিশেষে উপজেলা পরিষদের অর্ন্তভুক্ত সকল বিভাগের উন্নয়ন কাজ সম্পর্কে সভাকে অবহিত করার জন্য তিনি সকল বিভাগীয় প্রধানগণকে বিনীত অনুরোধ করেন। উপজেলা পরিষদের অন্তর্ভুক্ত সকল বিভাগের প্রতিটি কাজের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করেন। পরিশেষে তিনি সকলকে সভায় অংশগ্রহণের জন্য কৃতজ্ঞতা ও শুভেচ্ছা জানান। এ ছাড়া উপজেলা পরিষদের অন্যান্য দপ্তরের কার্যক্রম সুষ্ঠুভাবে চলছে মর্মে তিনি সভাকে অবহিত করেন।

অতঃপর আর কোন আলোচনা না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

ঘোষ সনৎ কুমার<br>
চেয়ারম্যান, উপজেলা পরিষদ<br>
ও<br>
সভাপতি<br>
উপজেলা পরিষদ মাসিক সভা<br>
তালা, সাতক্ষীরা

স্মারক নম্বর : ০৫.৪৪.৮৭৯০.০০০.০৬.০০১.২১-৫৭৬(১০০) তারিখ : ২৯.০৬.২০২২ খ্রি:

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

২। এড. মুস্তফা লুৎফুল্লাহ, মাননীয় সংসদ সদস্য-১০৫, সাতক্ষীরা-১ (তালা- কলারোয়া)

৩। সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৪। সিনিয়র সচিব, স্থানীয় সরকার বিভাগ, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা

৫। বিভাগীয় কমিশনার, খুলনা

৬। জেলা প্রশাসক, সাতক্ষীরা

৭-৫০। জনাব---------------------------------------------তালা, সাতক্ষীরা

**প্রশান্ত কুমার বিশ্বাস**
উপজেলা নির্বাহী অফিসার
ও
মুখ্য নির্বাহী কর্মকর্তা
উপজেলা পরিষদ
তালা, সাতক্ষীরা